

## বিশ্বে একমাত্র বাংলাদেশেই স্কুলে মেয়েদের উপস্থিতির হার বেশি : অমর্ত্য সেন

যায়যায়.ডেস্ক

নোবেল বিজয়ী অক্সিজেনবিদ অমর্ত্য সেন বলেছেন, বর্তমানে ভারতের চেয়ে জিডিপি হার কম হওয়া সত্ত্বেও বাংলাদেশে বিশ্ব একমাত্র দেশ যেখানে ছেলেদের তুলনায় মেয়েদের স্কুলে উপস্থিতির হার সবচেয়ে বেশি। শনিবার এশিয়ান ডেভেলপমেন্ট রিসার্চ ইনস্টিটিউট-এর ১২তম প্রতিষ্ঠাবার্ষিকীর বক্তৃতামালা ও তিন দিনব্যাপী শিক্ষা বিষয়ক এক আঞ্চলিক সেমিনারে তিনি একথা বলেন।

সাবেক কেন্দ্রীয় মন্ত্রী ড. কারান সিংয়ের নেতৃত্বাধীন ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন'র (আইসিসিআর) উদ্যোগে ও বিদেশ মন্ত্রণালয়ের সহযোগিতায় এ সেমিনার অনুষ্ঠিত হচ্ছে।

অমর্ত্য সেন বলেন, সাম্প্রতিককালে বাংলাদেশে প্রাথমিক শিক্ষা উন্নয়নে বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করেছে। ঠিক একইভাবে চীন ১৯৭৯ সালের আগে শিক্ষাব্যয়েতে জোর দিয়েছিল।

অমর্ত্য সেন বলেন, পূর্ব এশিয়ার দেশগুলোতে শিক্ষায় ব্যাপক বিনিয়োগ এ দেশগুলোকে বিশ্ব মানচিত্রে অগ্রসরমান অবস্থানেই তুলে নিয়ে যায়নি, পূর্ব এশীয় শক্তিশালী দেশ হিসেবে তাদের প্রতিষ্ঠিত করেছে।

এক্ষেত্রে তিনি জাপানের দৃষ্টান্ত উল্লেখ করে বলেন, শেজি রেস্টোরেশন সময়ে সবার জন্য শিক্ষা কার্যক্রমের আওতায় দেশটিতে প্রাথমিক শিক্ষায় বিপুল বিনিয়োগ করা হয়েছিল। এর ফলে জাপানে ২০ শতকের প্রথম দিকে ব্রিটেনের চেয়ে বেশি বই প্রকাশিত হয় এবং এ সংখ্যা ছিল যুক্তরাষ্ট্র প্রকাশিত বইয়ের বিপক্ষে।